

🔳 আন-নাহাল | An-Nahl | النَّحْل

আয়াতঃ ১৬:১০৭

💵 আরবি মূল আয়াত:

ذَٰلِكَ بِاَنَّهُمُ استَحَبُّوا الحَيٰوةَ الدُّنيَا عَلَى الأَخِرَةِ وَ اَنَّ اللَّهَ لَا يَهدِى القَومَ الكُفِرِينَ ﴿١٠٧﴾

এটা এ জন্য যে, তারা আখিরাতের তুলনায় দুনিয়ার জীবনকে পছন্দ করেছে। আর নিশ্চয় আল্লাহ কাফির কওমকে হিদায়াত করেন না। — আল-বায়ান

এর কারণ এই যে, তারা আখিরাত অপেক্ষা দুনিয়ার জীবনকে বেশি ভালবাসে, আর আল্লাহ ঈমান প্রত্যাখ্যানকারীদেরকে সঠিক পথ দেখান না। — তাইসিক্রল

এটা এ জন্য যে, তারা দুনিয়ার জীবনকে আখিরাতের উপর প্রাধান্য দেয় এবং এ জন্য যে, আল্লাহ কাফির সম্প্রদায়কে হিদায়াত করেননা। — মুজিবুর রহমান

That is because they preferred the worldly life over the Hereafter and that Allah does not guide the disbelieving people. — Sahih International

১০৭. এটা এ জন্যে যে, তারা দুনিয়ার জীবনকে আখিরাতের উপর প্রাধান্য দেয় আর আল্লাহ কাফির সম্প্রদায়কে হিদায়াত করেন না।

তাফসীরে জাকারিয়া

(১০৭) এটা এ জন্য যে, তারা দুনিয়ার জীবনকে আখেরাতের উপর প্রাধান্য দেয় এবং এই জন্য যে, আল্লাহ অবিশ্বাসী সম্প্রদায়কে পথপ্রদর্শন করেন না।[1]

[1] এটি ঈমান আনার পর কাফির (মুরতাদ) হয়ে যাওয়ার কারণ। প্রথমতঃ তারা ইহকালকে পরকালের উপর প্রাধান্য দেয়, দ্বিতীয়তঃ তারা আল্লাহর নিকট হিদায়াত পাবার যোগ্যই নয়।

তাফসীরে আহসানুল বায়ান



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন